

# ৪ বছর পর রাবি ছাত্রদলের আংশিক কমিটি, সভাপতি রাহী, সম্পাদক জহুরুল

নিজস্ব সংবাদদাতা, রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০০:২৫, ৩০ জুলাই ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ছাত্রদলের ১১ সদস্যবিশিষ্ট আংশিক কমিটি গঠন করা হয়েছে। নতুন কমিটিতে সভাপতি হয়েছেন ম্যানেজমেন্ট বিভাগের ২০০৯-১০ সেশনের শিক্ষার্থী সুলতান আহমেদ রাহী এবং সাধারণ সম্পাদক হিসেবে সঙ্গীত

বিভাগের ২০১১-১২ সেশনের শিক্ষার্থী সর্দার জহুরুল হক দ্বায়িত্ব পেয়েছেন।

এছাড়াও কমিটিতে সাংগঠনিক সম্পাদকের দ্বায়িত্ব পেয়েছেন মাহমুদুল হক মিঠু এবং দপ্তর সম্পাদক নাফিউল জীবন। এতে সিনিয়র সহসভাপতি হিসেবে আছেন শাকিলুর রহমান সোহাগ ও সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে আছেন শফিকুল ইসলাম শফিক। নতুন এ কমিটির সহ সভাপতি হলেন মেহেদী হাসান, সাবিহা আলম মুন্সী, জান্নাতুন নাইম তুহিনা এবং যুগ্ম সাধারণ সম্পাদক তাহের রহমান ও জাহিন বিশ্বাস এশা।

আজ মঙ্গলবার বিকেলে জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি মো. রাকিবুল ইসলাম ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে

এ কমিটি ঘোষণা করা হয়। এতে আগামী ০৭ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি এবং ১৫ দিনের মধ্যে সকল হল কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় ও ছাত্রদল সূত্রে জানা যায়, ২০২১ সালের ১৬ জুলাই ৩১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছিল। নতুন সভাপতি সুলতান আহমেদ রাহী আগের কমিটিতে আহ্বায়ক এবং সাধারণ সম্পাদক সর্দার জহুরুল ইসলাম যুগ্ম আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাদের কারও নিয়মিত ছাত্রত্ব নেই। তবে রাহীর দাবি তিনি বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাক্ষ্যকালীন মাস্টার্স কোর্সে ভর্তি আছেন। আর সর্দার জহুরুল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইংলিশ অ্যান্ড আদার ল্যাঙ্গুয়েজের ভাষা শিক্ষার শর্ট কোর্সে ভর্তি হয়েছেন।